



বাজেট নিয়ে সংবাদ সম্মেলনে আসছেন অর্থমন্ত্রী



আমির খসরু মাহমুদ। ছবি: সংগৃহীত

নতুন অর্থবছরের প্রস্তাবিত জাতীয় বাজেট নিয়ে বিস্তারিত ব্যাখ্যা ও বিভিন্ন প্রশ্নের জবাব দিতে সংবাদ সম্মেলনে আসছেন অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী। শুক্রবার (১২ জুন) বিকেল ৩টায় রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে এ সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হবে। এতে বাজেটের লক্ষ্য, অগ্রাধিকার খাত এবং অর্থনৈতিক পরিকল্পনা সম্পর্কে সরকারের অবস্থান তুলে ধরা হবে।

এছাড়া বাজেট ঘোষণার পর অর্থনীতিবিদ, ব্যবসায়ী মহল ও সাধারণ মানুষের মধ্যে যে আলোচনা-সমালোচনা তৈরি হয়েছে, সেসব বিষয়েও সাংবাদিকদের প্রশ্নের উত্তর দেবেন অর্থমন্ত্রী।

উল্লেখ্য, বৃহস্পতিবার জাতীয় সংসদে ২০২৬-২৭ অর্থবছরের জন্য ৯ লাখ ৩৮ হাজার কোটি টাকার বাজেট প্রস্তাব পেশ করা হয়। ব্যয়ের আকার বিবেচনায় এটি বাংলাদেশের ইতিহাসে সবচেয়ে বড় বাজেট।

‘অর্থনৈতিক গণতান্ত্রিকীকরণ ও বিকেন্দ্রীকরণ: ট্রিলিয়ন ডলার অর্থনীতির পথে বাংলাদেশ’ শীর্ষক প্রতিপাদ্যের আলোকে প্রণীত এ বাজেটে অর্থনৈতিক প্রবৃদ্ধি, কর্মসংস্থান বৃদ্ধি এবং বিনিয়োগ সম্প্রসারণকে বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে।